গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

স্মারক : ৩২.০২.০০০০.০০৫.২০.০০১.২৪. ৭১৭(১) তারিখ: ২৮/০৫/২০২৪ খ্রি.

**বিষয়: জাতীয় মহিলা সংস্থার কম্পিউটার প্রশিক্ষন কার্যক্রমের কম্পিউটার প্রশিক্ষক হিসাবে রিসোর্স পারসনদের সম্মানী ভাতার বাজেট প্রেরন প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন জাতীয় মহিলা সংস্থা এর ৬৪ জেলা কার্যালয়ে পরিচালিত ০২ টি ট্রেড (ক) কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন" (খ) "গ্রাফিক্স ডিজাইন এন্ড মাল্টিমিডিয়া প্রোগ্রামিং" প্রশিক্ষণ কার্যক্রমের কম্পিউটার প্রশিক্ষক হিসাবে রিসোর্স পারসনদের মার্চ/২০২৪ খ্রি. থেকে জুন/২০২৪ মাস পর্যন্ত মোট ০৪ মাসের মাসের সম্মানী ভাতার বাজেট "জাতীয় মহিলা সংস্থা কম্পিউটার প্রশিক্ষণ ফান্ড" সঞ্চয়ি ব্যাংক হিসাব নং- ০২০০০২০৬৭৯৫৫৬ থেকে প্রতি জেলায় মোট (২০০০/- × ০২ টি ট্রেডে ০২ জন × ৭৫ দিন) = ৩,০০,০০০/- টাকা করে, ৬৪ জেলায় সর্বমোট (৩,০০,০০০/- × ৬৪) = ১,৯২,০০,০০০/- টাকার বাজেট জেলা কার্যালয়ের ব্যাংক একাউন্ট নাম্বারে অনলাইনে স্থানান্তর করে প্রেরণ করা হয়েছে।

২। এমতাবস্থায়, জাতীয় মহিলা সংস্থার ৬৪ টি জেলা কার্যালয়ের মাধ্যমে পরিচালিত কম্পিউটার প্রশিক্ষণ কার্যক্রমের প্রশিক্ষকদের (রিসোর্স পারসন) সম্মানী ভাতার বিল দৈনিক ক্লাস নেওয়ার হাজিরার ভিত্তিতে প্রদান করতে হবে। উল্লেখ্য যে, প্রশিক্ষক পুলে নাম থাকলেও যদি ক্লাস না নেন তবে তাকে সম্মানী প্রদান করা যাবে না। ৩০/০৬/২০২৪ খ্রি. তারিখ কার্যদিবস শেষে উক্ত সম্মানী ভাতার অব্যয়িত অর্থ, প্রাপ্তি পরিশোধ হিসাবসহ "জাতীয় মহিলা সংস্থা কম্পিউটার প্রশিক্ষণ ফান্ড" শিরোনামে পৃথকভাবে প্রধান কার্যালয়ে ফেরত প্রদান করতে হবে। উল্লেখ্য যে, সম্মানী ভাতার বিল থেকে বিধি অনুযায়ী ১০% উৎসে আয়কর কর্তন করে জমার চালানসহ বিল ভাউচার এর ফটোকপি প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮/০৫/২০২৪
(সৈয়দা মেহেরুন নেছা কবীর)
পরিচালক (উপ-সচিব)
জাতীয় মহিলা সংস্থা
ফোন-৯৩৩৩৮৩৩।

**সদয় অবগতি ও কার্যার্থে বিতরন:**

১। চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, সকল জেলা শাখা।
২। নির্বাহী অফিসার/জেলা নির্বাহী অফিসার, জাতীয় মহিলা সংস্থা, সংশ্লিষ্ট জেলা শাখা।
৩। জেলা কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা, সকল জেলা শাখা।

**অনুলিপি :**

১। হিসাব রক্ষণ কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা।
২। প্রশাসনিক কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা।
৩। পি এ টু চেয়ারম্যান ও নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, প্রধান কার্যালয়।
৪। জনাব আনন্দ তংচংগ্যা, জেলা কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৫। অফিস কপি।

Destrict -Letter -E- Budget-494